ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




ROSEDIN ● Vol. - 2 ● Issue - 070 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in
ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ০৭০ ● কলকাতা ● ২৯ ফাল্গুন, ১৪৩২ ● শনিবার ● ১৪ মার্চ ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# ভোটের আগে বারুদের গন্ধ! জীবনতলা জুড়ে আতঙ্ক, কেন্দ্রীয় বাহিনীর স্থায়ী ক্যাম্পের দাবি

**নিজস্ব সংবাদদাতা, দক্ষিণ ২৪ পরগনা:**

আসন্ন নির্বাচনের আগে দক্ষিণ ২৪ পরগনার জীবনতলা থানা এলাকায় বাড়ছে উদ্বেগ ও আতঙ্ক। স্থানীয় বাসিন্দাদের একাংশের দাবি, ভোট এলেই এই অঞ্চলে রাজনৈতিক হিংসা, খুনোখুনি ও দখলদারির ঘটনা বেড়ে যায়। বন্দুক ও বারুদের গন্ধে ভরে ওঠে বাতাস। ফলে অবাধ ও শান্তিপূর্ণ ভোটগ্রহণ আদৌ সম্ভব হবে কি না, তা নিয়ে প্রশ্ন তুলছেন সাধারণ মানুষ।

বাসিন্দাদের অভিযোগ, যতই নির্বাচন কমিশনার Gyanesh Kumar প্রশাসনিক কড়াকড়ির কথা বলুন না কেন, বাস্তবে পশ্চিমবঙ্গে অবৈধ অস্ত্র উদ্ধারে দক্ষতা বা তৎপরতা খুব কমই দেখা যায়। ফলে ভোটের সময় সহিংসতা রোধে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন হলেও তা কার্যত ফলপ্রসূ হয় না বলেই মনে করছেন অনেকেই।

স্থানীয়দের মতে, কেন্দ্রীয় বাহিনী এলাকায় এলেও অধিকাংশ সময় তারা থানাকেন্দ্রিক থাকে এবং স্থানীয় পুলিশের নির্দেশ মেনেই কাজ করে। তাই জীবনতলা থানার অধীনে প্রতিটি বুথে কেন্দ্রীয় বাহিনীর ক্যাম্প স্থাপনের দাবি তুলেছেন এলাকার বহু বাসিন্দা। তাঁদের দাবি, তবেই সাধারণ মানুষ নির্ভয়ে ভোট দিতে পারবেন।

অভিযোগ উঠেছে, এই অঞ্চলে দীর্ঘদিন ধরে বিরোধী মত প্রকাশ করলেই নানা ধরনের হামলা, ভয়



দেখানো, লুটপাট কিংবা বাড়িঘর ভাঙচুরের মতো ঘটনা ঘটে। কখনও মাছের ভেড়ি দখল, কখনও জমি জোর করে নেওয়া—এমন অভিযোগও রয়েছে। স্থানীয়দের দাবি, অনেক ক্ষেত্রেই নকল নথি তৈরি করে জমির রেকর্ড বদলের চেষ্টা করা হচ্ছে।

এই প্রেক্ষাপটে আলোচনায় উঠে এসেছে স্থানীয় একটি দৈনিক পত্রিকার সম্পাদক Mrityunjay Sardar-এর নাম। তাঁর অভিযোগ, দীর্ঘ প্রায় দুই দশক ধরে সত্য প্রকাশের কারণে নানা ভাবে হয়রানি, হুমকি ও প্রশাসনিক চাপের মুখে পড়তে হয়েছে তাঁকে ও তাঁর পরিবারকে। জমি দখলের চেষ্টা থেকে শুরু করে নিরাপত্তাহীনতা—একাধিক অভিযোগ নিয়ে তিনি বিভিন্ন দপ্তরে আবেদনও করেছেন বলে দাবি।

স্থানীয়দের বক্তব্য, জীবনতলা থানায় এ সংক্রান্ত একাধিক অভিযোগ জমা পড়লেও দৃশ্যমান কোনও আইনি পদক্ষেপ এখনও পর্যন্ত নেওয়া হয়নি। জেলার পুলিশ প্রশাসনের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলছেন এলাকার মানুষ। তাঁদের দাবি, সাধারণ মানুষের নিরাপত্তার বদলে প্রভাবশালী রাজনৈতিক মহলকে রক্ষাতেই প্রশাসন বেশি সক্রিয়।

এদিকে এলাকায় অবৈধ জুয়া, মদ ব্যবসা এবং মাটি পাচারের মতো কর্মকাণ্ড নিয়েও ক্ষোভ বাড়ছে বলে অভিযোগ। সব মিলিয়ে নির্বাচনের আগে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ ক্রমেই বাড়ছে।

স্থানীয়দের একাংশের দাবি, নির্বাচন কমিশন যদি বাস্তবে কঠোর পদক্ষেপ না নেয় এবং বুথভিত্তিক কেন্দ্রীয় বাহিনীর কড়া নজরদারি না থাকে, তবে এই এলাকায় সাধারণ মানুষের পক্ষে স্বাধীনভাবে ভোটাধিকার প্রয়োগ করা কঠিন হয়ে পড়বে।

নির্বাচনের আগে জমে ওঠা এই ক্ষোভ ও আশঙ্কা আগামী দিনে কী রূপ নেবে, সে দিকেই এখন নজর রাজনৈতিক মহল থেকে প্রশাসন—সবার।


## পর্ব 229
## হিমালয়ের সমর্পণ যোগ



কারণ সব আমি আমার অনুভবের আধারের উপর বলছি, তুমি তোমার অনুভবের আধারের উপর শুনছ। তুমি ওসব শুনো না। শোনা শরীর থেকে হয়। শ্রদ্ধার সঙ্গে তা বিশ্বাস কর। "গুরুদেব বলছেন তো এটাই সত্য হবে, আর যা বলছেন তা আমার ভালোর জন্যই বলছেন।" **ক্রমশঃ**

# বহুতল থেকেই নজরদারি, মোদির সভা ঘিরে 'চক্রব্যূহ' ব্রিগেড চত্বর





**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভোটের আগে বঙ্গে হাইভোল্টেজ জনসভা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির। ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে শনিবার একটি সরকারি অনুষ্ঠানে অংশ নেবেন তিনি। জাতীয় সড়ক উদ্বোধনের পাশাপাশি ভোটের আগে গেরুয়া শিবিরকে ভোকাল টনিক দেবেন প্রধানমন্ত্রী। আর তাঁর এই অনুষ্ঠান ঘিরে সাজ সাজ রব, তুঙ্গে প্রস্তুতি ও নিরাপত্তা ব্যবস্থা।কলকাতায় প্রধানমন্ত্রীর অনুষ্ঠান ঘিরে ট্রাফিকও নিয়ন্ত্রণ করা হবে। শিয়ালদহ, হাওড়া, শ্যামবাজারের মতো রাস্তাগুলিতে ভোর ৪টে থেকে রাত ৮টা পর্যন্ত ট্রাম ও অন্যান্য যানবাহন চলাচল ঘুরিয়ে দেওয়া হতে পারে। এছাড়া এসপ্ল্যানেড কেপি রোড, হসপিটাল রোড, লাভার্স লেন, ক্যাসুরিনা অ্যাভিনিউ, কুইনসওয়েতে যান চলাচল নিয়ন্ত্রণ করা হবে। এছাড়া অন্যান্য যেকোনও রাস্তায় যানচলাচল প্রয়োজনমতো বদল করা হতে পারে। কর্তব্যরত ট্রাফিক পুলিশকে সেইমতো নির্দেশ দেওয়া হয়েছে।জানা যাচ্ছে, প্রধানমন্ত্রী মোদির সভাস্থলের আশপাশে 'নো ফ্লাই জোন' হওয়ায় উড়বে না কোনও ড্রোন। তবে বহুতলগুলি থেকে বায়নোকুলারের মাধ্যমে চলবে নজরদারি। প্রায় ৩০০০ নিরাপত্তারক্ষী মোতায়েন থাকছে। নিরাপত্তার সার্বিক দায়িত্বে এডিজি, উপকূলরক্ষী বাহিনী। শুক্রবার সন্ধ্যায় ব্রিগেডের সেই প্রস্তুতি খতিয়ে দেখল বিজেপি নেতৃত্ব।

ব্রিগেডের সভা প্রস্তুতি খতিয়ে দেখলেন সুকান্ত মজুমদার। ছবি: ফেসবুক।

মোদির এই অনুষ্ঠান ঘিরে সাজ সাজ রব, তুঙ্গে প্রস্তুতি ও নিরাপত্তা ব্যবস্থা। জানা যাচ্ছে, প্রধানমন্ত্রী মোদির সভাস্থলের আশপাশে 'নো ফ্লাই জোন' হওয়ায় উড়বে না কোনও ড্রোন। তবে বহুতলগুলি থেকে বায়নোকুলারের মাধ্যমে চলবে নজরদারি। প্রায় ৩০০০ নিরাপত্তারক্ষী মোতায়েন থাকছে। নিরাপত্তার সার্বিক দায়িত্বে এডিজি, উপকূলরক্ষী বাহিনী।

জানা যাচ্ছে, শনিবার সকাল থেকে ব্রিগেড ও সংলগ্ন গোটা এলাকাজুড়ে নিরাপত্তার কড়াকড়ি। সেক্টর অনুযায়ী ভাগ করে নিরাপত্তা মোতায়েন করা হচ্ছে। সেক্টরগুলির দায়িত্বে থাকবেন ডেপুটি পদমর্যাদাসম্পন্ন অফিসাররা। চার থেকে ৫টি সেক্টর মিলিয়ে একজন যুগ্ম কমিশনার পদমর্যাদার অফিসার থাকবেন। তাঁদের সঙ্গে অতিরিক্ত পুলিশ কমিশনারের আধিকারিকরাও। আরও জানা গিয়েছে, কলকাতার বিভিন্ন প্রান্ত থেকে যে রাস্তা ধরে ব্রিগেডমুখী মিছিল আসবে, সেখানে থাকবে কমবেশি ৫০টি পিকেট।

ব্রিগেডে মোদির মঞ্চ প্রায় তৈরি। নিজস্ব ছবি

শিয়ালদহ, হাওড়া, শ্যামবাজার, দক্ষিণ কলকাতার একাধিক জায়গা থেকে মিছিল আসার কথা ব্রিগেডে। এসব রাস্তায় পর্যাপ্ত সিসিটিভি থাকবে। ব্রিগেডের মঞ্চ এবং সংলগ্ন এলাকাতেও সিসিটিভির নজরদারি চালাবে পুলিশ। এই এলাকা 'নো-ফ্লাই জোন' হওয়ায় কোনও ড্রোন থাকবে না। তবে আশপাশের বহুতল থেকে বায়নোকুলার নিয়ে নজরদারি চলবে।

# এই প্রথম বাংলায় রিটার্নিং অফিসার নিয়ে এতটা টাইট দিল কমিশন!

**স্টাফ রিপোর্টার, রোজদিন**


শিয়রে বিধানসভা নির্বাচন। বেজে গিয়েছে ভোটের দামামা। যে কোনও মুহূর্তে ঘোষণা হতে পারে দিনক্ষণ। তার আগেই রাজ্যে নির্বাচন পরিচালনায় বড়সড় রদবদল জাতীয় নির্বাচন কমিশনের। রাজ্যে এই প্রথমবার অন্যান্য রাজ্যের মতো রিটার্নিং অফিসার পদে জেলাশাসকদের বদলে মহকুমা শাসক বা সমমর্যাদার আধিকারিকদের এই পদে নিয়োগ করল কমিশন। রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, নির্বাচনের আগে নিয়মের বাইরে গিয়ে যে একটিও কাজ হবে না, তা পদে পদে বুঝিয়ে দিচ্ছে কমিশন। এর আগে ভোটার তালিকা সংক্রান্ত কাজেও উচ্চপদস্থ অফিসার নিয়োগ নিয়ে রাজ্যের সঙ্গে কমিশনের চূড়ান্ত সংঘাত প্রকাশ্যে আসে। এমনকি পরিস্থিতি এমন জায়গায় পৌঁছয় যে, শেষ পর্যন্ত বাইরের রাজ্য থেকে মাইক্রো-অবজার্ভার নিয়ে এসে কাজ করাতে হয়েছিল কমিশনকে। তাই এবার প্রথম থেকেই একেবারে নিয়ম মেনে কড়া হাতে রাশ ধরতে চাইছে জাতীয় নির্বাচন কমিশন।ইতিমধ্যেই নির্বাচন কমিশনের পক্ষ থেকে একটি বিজ্ঞপ্তিও জারি করা হয়েছে। ওই বিজ্ঞপ্তিতেই রাজ্যের সবকটি অর্থাৎ ২৯৪টি বিধানসভা কেন্দ্রের জন্যই মহকুমা শাসক বা তার উচ্চপর্যায়ের আধিকারিকদের রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করে একটি চূড়ান্ত তালিকা প্রকাশ করা হয়েছে। কমিশনের সাধারণ নিয়ম অনুযায়ী এসডিএম-দেরই এই

এরপর ৩ পাতায়

# জ্বালানির জাহাজে ছাড়পত্র ইরানের, বিরাট কূটনৈতিক জয় দিল্লির!

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

হরমুজে বিরাট কূটনৈতিক জয় ভারতের। দীর্ঘ আলোচনার পর অবশেষে হরমুজে ভারতের জ্বালানি জাহাজ চলাচলে সবুজ সংকেত ইরানের! শুক্রবার ভারতে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত মহম্মদ ফাতালি ইঙ্গিত দিয়েছেন, হরমুজ প্রণালী দিয়ে নিরাপদে প্রবেশ করতে পারবে জ্বালানিবাহী



জাহাজ। শীঘ্রই এই বিষয়ে পদক্ষেপ করা হবে।ইরান যুদ্ধে শুরু থেকেই 'নিরপেক্ষ' অবস্থান নিয়েছে। অন্তত প্রকাশ্যে। কিন্তু ভারত মহাসাগরে ভারতীয় জলসীমার অদূরে ইরানের রণতরীতে মার্কিন হামলার পর ভারত সাহায্যের হাত বাড়িয়ে দেয়। এর মধ্যে আবার হরমুজেই আক্রান্ত হয় ভারতীয় পণ্যবাহী একটি থাই জাহাজ। তাতে ভারতীয় নাবিকের মৃত্যুও হয়। তারপরই মোদি সরকার ইরানের

এরপর ৩ পাতায়

(২ পাতার পর)

# এই প্রথম বাংলায় রিটার্নিং অফিসার নিয়ে এতটা টাইট দিল কমিশন!

পদে নিয়োগের কথা। কিন্তু বিগত নির্বাচনগুলিতে রাজ্যের অনুরোধ মেনে জেলাশাসকদেরই রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করেছিল কমিশন।

তবে এবার আর নিয়মের কোনও ব্যতিক্রম যে হবে না তা আগেই স্পষ্ট করে দিয়েছিল কমিশন।সম্প্রতি মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারও সাফ বলেছিলেন ভোটের সময় রাজ্যে কোনওরকম অশান্তি বরদাস্ত করা হবে না। অবাধ ও শান্তিপূর্ণ ভোট করাতে বদ্ধপরিকর কমিশন। সেই লক্ষ্যেই এবার নির্বাচনের সবচেয়ে গুরুত্বপূর্ণ দায়িত্বে থাকা রিটার্নিং অফিসার নিয়োগে বাড়তি জোর দিল কমিশন। এমনটাই মনে করছে ওয়াকিবহাল মহল।

(২ পাতার পর)

# জ্বালানির জাহাজে ছাড়পত্র ইরানের, বিরাট কূটনৈতিক জয় দিল্লির!

সঙ্গে আলোচনায় তৎপরতা বাড়ায়। সেটারই সুফল মিলল। এর ফলে দ্রুত দেশের জ্বালানি সমস্যা মিটবে বলে আশা করা হচ্ছে।পশ্চিম এশিয়ার যুদ্ধের জেরে দীর্ঘদিন ধরে বন্ধ হরমুজ প্রণালী। ইরানের তরফে স্পষ্ট হুঁশিয়ারি দেওয়া হয়েছে, পশ্চিম এশিয়ার এক লিটার তেলও বাইরে যাবে না। যদিও চিন ও রাশিয়াকে হরমুজ ব্যবহারের ছাড়পত্র দিয়েছে তেহরান। এতদিন ভারতকে সে সুযোগ দেওয়া হয়নি। দেশে জ্বালানি সংকট নেই বলে মোদি সরকারের তরফে বার্তা দেওয়া হলেও জ্বালানি গ্যাসের অভাব ও মূল্যবৃদ্ধি নজরে পড়েছে। এই পরিস্থিতিতেই শুক্রবার সংবাদমাধ্যমের মুখোমুখি হয়েছিলেন ইরানের রাষ্ট্রদূত ফাথালি। সেখানেই হরমুজ প্রসঙ্গে প্রশ্ন করা হলে তিনি বলেন, হরমুজে ভারতকে প্রবেশাধিকার দেওয়ার বিষয়ে উপযুক্ত পদক্ষেপ করা হতে পারে। একইসঙ্গে তিনি বলেন, “কারণ, ভারত আমাদের বন্ধু। ২-৩ ঘণ্টার মধ্যেই আপনারা এই বিষয়ে বিস্তারিত জানতে পারবেন।”

উল্লেখ্য, সম্প্রতি ইরানের বিদেশমন্ত্রী সৈয়দ আরাগাছির সঙ্গে ফোনে কথা বলেছিলেন বিদেশমন্ত্রী এস জয়শংকর। জানা গিয়েছে, এই ফোনালাপে পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতি ও বাণিজ্যিক জাহাজগুলির নিরাপত্তা নিয়ে বিস্তারিত আলোচনা হয় দুই রাষ্ট্রনেতার মধ্যে। হরমুজে ভারতীয় জাহাজ চলাচল নিয়েও আলোচনা হয় আরাগাছি এবং জয়শংকরের মধ্যে। এর আগেও বার দু'য়েক ইরানের বিদেশমন্ত্রীর সঙ্গে কথা বলেন জয়শংকর। বস্তুত গত দু'সপ্তাহ ধরে লাগাতার ব্যাক চ্যানেলে আলোচনা চলেছে দু'দেশের। মনে করা হচ্ছে তাতেই মিলেছে সাফল্য। আপাতত হরমুজের ওপারে আটকে থাকা জাহাজগুলি নিরাপদে ফেরানোর অনুমতি পাওয়া গিয়েছে বলে খবর।

# শাহের মন্ত্রকের চিঠি পেয়েই কি দার্জিলিংয়ের ডিএম-কে সরাল নবান্ন! তবে 'ডেপুটেশনে' এখনও না

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সাম্প্রতিক রাজ্য সফরে প্রোটোকল লঙ্ঘন এবং অনুষ্ঠানের স্থান বদলের অভিযোগে শিলিগুড়ির পুলিশ কমিশনার (সিপি) সি সুধাকর এবং দার্জিলিংয়ের জেলাশাসক মণীশ মিশ্রকে শুক্রবারই ডেপুটেশনে চেয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। শাহের দফতরের চিঠি পেয়েই কি



এবার দার্জিলিংয়ের ডিএম-কে সরিয়ে দিল নবান্ন!তবে দার্জিলিংয়ের ডিএম-কে সরিয়ে দেওয়ার আরও একটা কারণ থাকলেও থাকতে পারে। দ্য ওয়াল আগেই লিখেছিল, ভোটের আগে রাজ্য চাইবে না দুই আমলাকে ডেপুটেশনে পাঠাতে। তবে ডিএম মণীশকে সরিয়ে দেওয়াটাও রাজ্যের একটা বার্তা হলেও হতে পারে যে, তারা হাত গুটিয়ে বসে থাকেনি।সিপির ক্ষেত্রেও কি একই

এরপর ৬ পাতায়

# সোমবারের মধ্যেই রাজ্যে বিধানসভা ভোটের নির্ঘণ্ট ঘোষণা




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

সোমবারের মধ্যেই রাজ্যে বিধানসভা নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণা করতে পারে নির্বাচন কমিশন। গত সপ্তাহের শুরুতেই দু দিনের সফরে রাজ্যে এসেছিল কমিশনের ফুল বেঞ্চ। নির্বাচন কমিশন সূত্রের খবর, দিল্লিতে ফেরার পর রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি এবং ভোটের প্রস্তুতি নিয়ে পর্যালোচনার পর সোমবারের মধ্যেই নির্বাচনী নির্ঘণ্ট ঘোষণা করে দিতে পারে কমিশন।প্রসঙ্গত, গত সোমবার রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও ধর্মতলার ধর্নামঞ্চ থেকে দাবি করেছিলেন, শনিবার কলকাতার ব্রিগেড ময়দানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সভার পরই ভোটের নির্ঘণ্ট ঘোষণা করতে পারে কমিশন।রাজ্যে এসে প্রতিটি রাজনৈতিক দলের পাশাপাশি পুলিশ প্রশাসনের কর্তাদের সঙ্গে বৈঠক করেও ভোট প্রস্তুতি কোন পর্যায়ে রয়েছে তা বুঝে নিয়েছিল কমিশনের ফুল বেঞ্চ। একই সঙ্গে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারও জানিয়েছিলেন, বাংলায় কত দফায় ভোট হবে তা নির্ভর করবে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির উপরে। তবে কমিশন সূত্রে খবর, পশ্চিমবঙ্গে দু দফায় নির্বাচন করাতে পারে কমিশন।

কলকাতায় পুলিশ-প্রশাসনের সঙ্গে বৈঠকে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার কড়া হুঁশিয়ারি দিয়ে বলেছিলেন, নির্বাচন আয়োজনে কোনও সরকারি আধিকারিকের কোনওরকমের গাফিলতি কমিশন বরদাস্ত করবে না। নিরপেক্ষ ভাবে নিজেদের দায়িত্ব পালনের জন্য পুলিশ, প্রশাসনের কর্তাদের নির্দেশ দিয়েছেন মুখ্য নির্বাচন কমিশনার।

## সম্পাদকীয়

### হরমুজে ভারতের জ্বালানি জাহাজ চলাচলে ইরানের সবুজ সংকেত! যুদ্ধের মাঝেই দিল্লির বড় কূটনৈতিক সাফল্য

পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতির মাঝেই ভারতের জন্য এল বড় কূটনৈতিক সাফল্যের খবর। দীর্ঘ আলোচনার পর অবশেষে হরমুজ প্রণালী দিয়ে ভারতের জ্বালানিবাহী জাহাজ চলাচলের ক্ষেত্রে ইতিবাচক ইঙ্গিত দিল ইরান। ভারতে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত Mohammad Fattahi শুক্রবার জানান, খুব শিগগিরই এই বিষয়ে পদক্ষেপ করা হতে পারে এবং হরমুজ দিয়ে ভারতীয় জ্বালানি জাহাজ নিরাপদে প্রবেশ করতে পারবে।

মধ্যপ্রাচ্যের সংঘাতের জেরে বহুদিন ধরেই বন্ধ রয়েছে গুরুত্বপূর্ণ সমুদ্রপথ Strait of Hormuz। ইরানের তরফে আগেই সতর্ক করে দেওয়া হয়েছিল যে পশ্চিম এশিয়া থেকে এক ফোঁটা তেলও বাইরে যেতে দেওয়া হবে না। এই অবস্থায় বিশ্ববাজারে তেলের সরবরাহ নিয়ে উদ্বেগ তৈরি হয়েছিল। যদিও ইরান ইতিমধ্যেই China এবং Russia-কে হরমুজ ব্যবহারের অনুমতি দিয়েছিল, কিন্তু ভারতকে সেই সুযোগ দেওয়া হয়নি এতদিন।

এদিকে ভারতে জ্বালানি পরিস্থিতি নিয়ে উদ্বেগ বাড়ছিল। কেন্দ্রীয় সরকার দাবি করেছিল যে দেশে জ্বালানি সংকট নেই, তবে রান্নার গ্যাসের ঘাটতি ও মূল্যবৃদ্ধির বিষয়টি ইতিমধ্যেই আলোচনায় এসেছে। এই পরিস্থিতিতেই শুক্রবার সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে ইরানের রাষ্ট্রদূত জানান, ভারতের জন্য হরমুজ প্রণালী ব্যবহারের বিষয়টি ইতিবাচক ভাবে বিবেচনা করা হচ্ছে। তাঁর কথায়, "ভারত আমাদের বন্ধু। খুব শিগগিরই এই বিষয়ে বিস্তারিত ঘোষণা করা হতে পারে।"

বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ জ্বালানি করিডর হিসেবে পরিচিত হরমুজ প্রণালী দিয়ে প্রতিদিন বিপুল পরিমাণ তেলবাহী জাহাজ চলাচল করে। ফলে ভারত যদি এই পথ ব্যবহার করার অনুমতি পায়, তবে তা দেশের জ্বালানি নিরাপত্তার ক্ষেত্রে বড় স্বস্তির বার্তা হয়ে উঠতে পারে বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



মৃত্যুঞ্জয় সরদার

(পঞ্চম পর্ব)



স্বাতন্ত্র্য শুধু ব্যক্তির ক্ষেত্রে নয়, তা সমাজেরও। এমনিই একটি সমাজ জীবন দেখতে পাব সুন্দরবনের লোকজীবনে এবং বনবিবি সংস্কৃতিতে। লোকায়ত সংস্কৃতি লোকসমাজের প্রতিটি মানুষের গোষ্ঠীগত ঐতিহ্যবাহিত এবং লালিত মহান সৃষ্টি। সুন্দরবনের ভৌগোলিক অবস্থান ঠিক কোন জায়গায় সেটি আমাদের অনেকেরই অজানা। তবে আজ আমারা এই লেখাতেই সবকিছু চিত্র ফুটে উঠবে ।বঙ্গোপসাগর উপকূলে গঙ্গা, মেঘনা ও ব্রহ্মপুত্র অববাহিকায় অবস্থিত পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## LPG-র কালোবাজারি রুখতে অ্যাকশন মোডে নবান্ন, রাজ্যজুড়ে EB-র ম্যারাথন তল্লাশি



স্টাফ রিপোর্টার, রোজদিন

রাজ্যে রান্নার গ্যাসের তীব্র সঙ্কট মোকাবিলায় নবান্নের জারি করা নির্দেশিকা বা এসওপি মেনে ময়দানে নামল পুলিশ ও এনফোর্সমেন্ট ব্রাঞ্চ। শুক্রবার সকাল থেকেই কলকাতা এবং জেলাগুলিতে বিভিন্ন গ্যাস সরবরাহকারী সংস্থার গুদাম ও অফিসে দফায় দফায় অভিযান চালানো হয়। কোথায় কত সিলিন্ডার মজুত আছে, জোগানই বা কতটা, সবটাই খতিয়ে দেখছেন আধিকারিকরা। কালোবাজারি রুখতে কড়া নজরদারি শুরু হয়েছে। শুক্রবার সকালে কলকাতার লর্ডস মোড় এলাকায় একটি গ্যাস এজেন্সির দপ্তরে হানা দেন এনফোর্সমেন্ট ব্রাঞ্চের আধিকারিকেরা। সেখানে সিলিন্ডারের জোগান ও মজুত সংক্রান্ত খতিয়ান

এরপর ৬ পাতায়

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এবং রামপ্রসাদের ওপরে গৌড়ীয় বৈষ্ণব ভক্তি আন্দোলনের প্রভাব যদ্যপি অনস্বীকার্য, কিন্তু অষ্টাদশ শতকে কালীপুজোর উত্থানকে কেন্দ্র করে গড়ে ওঠা সহজ শাক্ত আন্দোলন একান্তভাবে শাক্ত ঐতিহ্যে সুসম্পৃক্ত থেকেই পরিচালিত হয়েছে,

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মায়ের স্তনের দুধ

## (হোলি উপলক্ষ্যে বিশেষ সন্দেশ)



স্টাফ রিপোর্টার, রোজদিন

সব পুণ্য আত্মাদের আমার নমস্কার,

আজ *আত্মার মায়ের কষ্ট* আপনাদের সামনে ব্যাক্ত করতে চাইছি। আজ মা এটা অনুভব করছেন যে সন্তানের জন্ম দেবার পরই সন্তানের জন্য মায়ের বুকে পরমাত্মা দুধ দিয়ে দিয়েছেন। আর মা চাইছেন *সন্তান সেই দুধই পান করুক।* কারণ সেই দুধ সন্তানের জন্যই এসেছে।এটা পান করা তার অধিকারও বটে। কিন্তু *আধুনিক কালের শিশু* সেই দুধ ছেড়ে কৌটোর দুধ খুঁজে ফিরছে। যখন কৌটোর দুধ বর্তমান কালের নয়। কিন্তু শিশু সেই *কৌটোর দুধই* খেতে চায়। নানা জায়গায় সে এই কৌটোর দুধই খুঁজে ফেরে।

এই কৌটোর দুধ কার সেটাও জানা নেই। কতদিন ধরে রয়েছে সেটাও জানা নেই। আর সেটা কার জন্য তৈরী সেটাও জানা নেই। তবুও বাচ্চা তো, *তাই কৌটোর দুধই খুঁজতে থাকে।* আর এদিকে মা বুঝিয়ে চলেছেন, বাবা তোমার জন্যেই আমার বুকে দুধ এসেছে। *এই দুধ কেবল তোমারই জন্য।*

*এটা* একদম তাজা আর পরমাত্মা তোমার জন্যই বানিয়েছেন। *এর উপর কেবল আর কেবল তোমারই অধিকার রয়েছে।* মা তাঁর নিজের মত করে যথাসাধ্য বুঝিয়ে চলেন। *কিন্তু বাচ্চা তো, শুনতেই চায় না।* এখন মা কী করবে, বাচ্চা তো কথা শুনতেই চাইছেনা। *মা বোঝাতেই থাকেন। মা চলে যাওয়ার পর, আত্মগ্লানি ছাড়া বাচ্চার জীবনে আর কিছু থাকে না।* এটাই পীড়া, গুরুর ও(আত্মার মা) যিনি আপনাকে বোঝানোর চেষ্টা করে চলেছেন।

গুরু হলেন আত্মার জন্মদাত্রী *মা*। গুরু সাধকের *আত্মসাক্ষাতকার* করিয়ে সাধকের আত্মারই *জন্ম* দেন। জন্মের সাথে সাথেই চৈতন্যরূপী দুধ পান করবার জন্য সে পেয়ে যায়। এই চৈতন্যরূপী দুধ পরমাত্মা, সাধকের জন্য তৈরি করেছেন। আর সাধক যাতে গুরুর সাথে মিলিত হতে পারে সেজন্য গুরুর জীবনকালে জন্ম দিয়েছেন।

কিন্তু *সাধকের মনোযোগ সেই চৈতন্যরূপী দুধের উপরই নেই। সাধক আজও সেই চৈতন্যকে খুঁজে ফিরছে।* সেটা কোথায় আছে তাও জানে না। প্রাচীন মূর্তির মধ্যে কোন কোন সিদ্ধ মহাত্মা *প্রাণ প্রতিষ্ঠা* করবার সময় চৈতন্য স্থাপিত করেছেন হয়তো যা অতি প্রাচীন। আর সেটা কোন সিদ্ধ বা কোন সন্তের তাও জানা নেই। কারণ মূর্তির রূপ তো কোন দেবতারই। অর্থাৎ রূপ তো কোন দেবতার কিন্তু ভিতরের *স্বরূপ* কোন সন্ত মহাত্মার। সেই মূর্তির থেকে যে কেউ *দর্শনমাত্রই ক্ষনিক চৈতন্য* লাভ করতে পারে । কিন্তু এই অভিজ্ঞতা সেই দর্শন পর্যন্ত স্থায়ী হয়।। কিন্তু সাধক এই চৈতন্য খুঁজতে থাকে কারণ এই দুগ্ধের মত *চৈতন্য অনায়াসে* পাওয়া যায়।

অথচ আমাদের সেই চৈতন্য পান করতে হবে, যা আসে মায়ের দুধের মত যখন সন্তান সেটা টানতে থাকে মায়ের স্তন থেকে। *এই যে দুধ টানবার প্রক্রিয়া যা সন্তান রূপী সাধক করতে চায় না।* সে নিয়মিত ধ্যান করেনা, বরং সারা জীবন *বাইরে বাইরে ঘুরে বেড়ায়।* মা কেবল বোঝাতে পারেন, দেখা ছাড়া তাঁর হাতে কিছুই থাকে না।

*মায়ের স্তনে* নিয়মিত দুধ প্রবাহিত হচ্ছে সন্তানের জন্য, তবুও সাধক তা পান করছে না। তাই মা সেই মুহূর্তে যে *দুঃখ* অনুভব করেন সেটা হল আজ আত্মার *মায়ের দুঃখ।*

গহন ধ্যান অনুষ্ঠানের সময় আমার প্রত্যেক সাধকের সাথে কথা বলার সুযোগ হল, বুঝলাম নিয়মিত ধ্যানের বদলে সাধকেরা *এখনো বাইরের জগতেই ঘুরে বেড়াচ্ছে।তারা* এখনও পরমাত্মাকে বাইরেই খুঁজছে। অথচ *পরমাত্মা আর আত্মানন্দ সাধকের নিজের ভিতরেই রয়েছে।* *এটা দেখেই* এই লেখার প্রেরণা এল।

*আপনাদের সবাইকে অনেক অনেক আশীর্বাদ।*

আপনাদের বাবা স্বামী

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)

Mobile : 9564382031

(৪ পাতার পর)

# LPG-র কালোবাজারি রুখতে অ্যাকশন মোডে নবান্ন, রাজ্যজুড়ে EB-র ম্যারাথন তল্লাশি

এবং গ্রাহকদের রেজিস্টার পরীক্ষা করা হয়। একই ছবি ধরা পড়েছে উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামের বাদুতে। সেখানে একটি এজেন্সির গুদামে প্রচুর সিলিন্ডার মজুত থাকলেও স্থানীয় মানুষ গ্যাস পাচ্ছেন না বলে অভিযোগ ওঠে। পুলিশ প্রাথমিক তদন্তে জোগানে কিছু গরমিল পেলেও ডিলারদের দাবি, দিনের শেষে হিসেব মিলিয়েই তাঁরা সিলিন্ডার রাখেন। অন্যদিকে, জলপাইগুড়িতে একটি এজেন্সি নোটিস দিয়ে জানিয়ে দিয়েছে, ৯ মার্চের পর যাঁরা বুক করেছেন তাঁদের এখনই গ্যাস দেওয়া সম্ভব নয়। হুগলিতেও মহকুমাশাসকের নেতৃত্বে পুলিশ ব্যান্ডেল, চুঁচুড়া ও ডানলপের বিভিন্ন গুদামে অভিযান চালিয়েছে।

গ্যাস সরবরাহকারীদের মতে, বাজারে গ্যাসের ঘাটতি হতে পারে, এই আতঙ্কেই মানুষ অতিরিক্ত বুকিং করছেন। যোধপুর পার্কের এক ডিলার শঙ্কর প্রসাদ নস্কর জানান, “আগে যেখানে দিনে ৪০০-৫০০ বুকিং হত, এখন তা ১০০০ ছাড়িয়ে গিয়েছে। কিন্তু সিলিন্ডারবাহী গাড়ি দিনে একটির বেশি আসছে না। ফলে জোগান দেওয়া সম্ভব হচ্ছে না।” অনেক ক্ষেত্রে সার্ভার ডাউনের কারণেও বুকিং নিতে সমস্যা হচ্ছে বলে ডিলাররা জানিয়েছেন।

গ্যাসের এই হাহাকারে চরম বিপাকে পড়েছেন সাধারণ মানুষ থেকে শুরু করে বিভিন্ন প্রতিষ্ঠান। সাধারণ গ্রাহকদের অভিযোগ, এক মাসের বেশি সময় পার হয়ে গেলেও গ্যাস মিলছে না। যোধপুর পার্কের একটি স্কুলের হস্টেলে হাহাকার পড়ে গিয়েছে। বাধ্য হয়ে জ্বালানি কাঠ ব্যবহার করতে হচ্ছে তাঁদের। বসিরহাটে তিন দিন ধরে ‘মা ক্যান্টিন’ বন্ধ। সুন্দরবনের মৎস্যজীবীরা ট্রলার নিয়ে সমুদ্রে যেতে পারছেন না সিলিন্ডারের অভাবে। এমনকি মিড ডে মিল রান্না থেকে শুরু করে মন্দিরের ভোগ রান্নাতেও প্রভাব পড়েছে এই সঙ্কটের।

তবে স্বস্তির খবর এই যে, কলকাতার বড় হাসপাতালগুলিতে এখনও গ্যাসের কোনও সঙ্কট দেখা দেয়নি। এসএসকেএম, মেডিক্যাল কলেজ বা আরজি কর-র মতো হাসপাতালগুলিতে পর্যাপ্ত গ্যাস মজুত রয়েছে বলে রান্নাঘরের দায়িত্বে থাকা আধিকারিকরা জানিয়েছেন।

উল্লেখ্য, বৃহস্পতিবারই মুখ্যসচিবের নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের পর্যবেক্ষণ কমিটি গঠন করেছে রাজ্য সরকার । সরকারি নির্দেশিকা অনুযায়ী, হাসপাতাল, স্কুল, সরকারি হস্টেল এবং যাঁদের একটি মাত্র সিলিন্ডার রয়েছে, তাঁদের সরবরাহের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে। ইন্ডিয়ান অয়েল, HPCL-র মতো সংস্থাগুলিকে জরুরি ভিত্তিতে জোগান নিশ্চিত করতে বলা হয়েছে।

গ্যাসের কালোবাজারি রুখতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও রাজ্যগুলিকে তৎপর হওয়ার পরামর্শ দিয়েছেন। তবে কেন্দ্রের দাবি অনুযায়ী, বুকিংয়ের আড়াই দিনের মধ্যে গ্যাস পৌঁছে দেওয়া হচ্ছে। এই দাবির সত্যতা নিয়ে প্রশ্ন তুলে এবং রাজ্যে গ্যাসের অভাবের প্রতিবাদে শুক্রবার সংসদ চত্বরে বিক্ষোভ দেখান তৃণমূল সাংসদেরা।

(৩ পাতার পর)

# শাহের মন্ত্রকের চিঠি পেয়েই কি দার্জিলিংয়ের ডিএম-কে সরাল নবান্ন! তবে 'ডেপুটেশনে' এখনও না

পথে হাঁটবে রাজ্য? কৌতূহল থাকছেই।

আরও একটা কৌতূহলের ব্যাপার হল, ১৩ মার্চ দার্জিলিংয়ের ডিএম-কে সরানোর যে বিজ্ঞপ্তি সামনে এসেছে, নবান্নের সেই চিঠিতে ১২ মার্চের উল্লেখ রয়েছে। এখানেই প্রশ্ন উঠছে, তাহলে কি শাহের মন্ত্রকের পাঠানো চিঠি আগেই পেয়ে গিয়েছিল নবান্ন! তার জন্যেই কি তাঁকে ওই পদ থেকে অপসারিত করা হল? নাকি, রাষ্ট্রপতির ঘটনার পর নবান্ন আভাস পেয়েছিল, কেন্দ্র সহজে ছাড়বে না! তাই আগেভাগেই মণীশ মিশ্রকে সরিয়ে স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দফতরের বিশেষ সচিব করা হল। এসব নিয়ে ধোঁয়াশা রয়েইছে।

ঘটনা হল, গত শনিবার শিলিগুড়িতে আন্তর্জাতিক সাঁওতাল সম্মেলনে এসে রাষ্ট্রপতি নিজেই প্রশ্ন তুলেছিলেন রাজ্য প্রশাসনের ভূমিকা নিয়ে। বলেছিলেন, 'আমি বাংলার মেয়ে, অথচ আমাকেই বাংলায় আসতে দেওয়া হয় না।'

জবাবে কলকাতার ধর্নামঞ্চ থেকে মুখ্যমন্ত্রী (Mamata Banerjee) জানান, তিনি রাষ্ট্রপতির উপস্থিতিতে ওই অনুষ্ঠানের কথা জানতেনই না। মুখ্যমন্ত্রী হিসাবে রাষ্ট্রপতির রাজ্য সফর সম্পর্কে অবহিত থাকলেও সংশ্লিষ্ট অনুষ্ঠানের উদ্যোক্তা কারা, কী নিয়ে এই অনুষ্ঠান, এ সব নিয়ে তাঁর ধারণাই ছিল না। কিন্তু এখানেই বিতর্ক থেমে থাকেনি। অচিরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এ নিয়ে সমাজমাধ্যমে পোস্ট করেন। পরে মৌখিকভাবেও মমতার সরকারের ভূমিকার নিন্দা করেন। তিনি অভিযোগ করেন, রাষ্ট্রপতিকে অপমান করা হয়েছে। সেই ক্ষোভের রেশ ধরেই তদন্ত শুরু করে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। যেখানে একটি-দু'টি নয়, রাষ্ট্রপতির সফরে যে ৫টি 'গাফিলতি' শাহের মন্ত্রকের নজর কেড়েছে।

বিতর্ক দানা বাঁধতেই অবশ্য তৎপর হয়েছিল নবান্ন। মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী ইতিমধ্যেই কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিবের কাছে একগুচ্ছ নথি পাঠিয়েছেন। সেখানে দাবি করা হয়েছে, সংশ্লিষ্ট অনুষ্ঠানের উদ্যোক্তারা একটি বেসরকারি সংস্থা হওয়ায় প্রশাসনিক স্তরে কিছু ধোঁয়াশা ছিল। পাশাপাশি, মুখ্যমন্ত্রী কেন ওই অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেননি, তারও কারণ দর্শানো হয়েছে। তবে নবান্নের এই ব্যাখ্যায় যে দিল্লি সন্তুষ্ট নয়, দুই শীর্ষ আধিকারিককে ডেপুটেশনে তলব করা তারই প্রমাণ।

# সিনেমার খবর

cinema TV

## প্রসেনজিৎপুত্রকে যে টিপস দিলেন রণবীর

স্টাফ রিপোর্টার, রোজদিন

টালিউড 'ইন্ডাস্ট্রি' প্রসেনজিৎ চট্টোপাধ্যায়ের যোগ্য উত্তরসূরি তৃষাণজিৎ কি প্রস্তুত, অভিনয় যার রক্তে মিশে আছে?— এমন প্রশ্ন দীর্ঘদিন ধরেই ঘুরপাক খাচ্ছিল স্টুডিওপাড়ায়। এবার সেই জল্পনার আগুনে ঘি ঢাললেন খোদ প্রসেনজিৎপুত্র তৃষাণজিৎ চট্টোপাধ্যায় ওরফে মিশুক। রণবীর কাপুরের 'অ্যানিমেল' দেখে যে তিনি মুগ্ধ, তা আগেই জানিয়েছিলেন। এবার সরাসরি রণবীরকে ধন্যবাদ জানিয়ে এবং তার পরামর্শ নিয়ে নতুন সফরের ইঙ্গিত দিলেন মিশুক। আর ছেলের এই নতুন যাত্রায় ঢাল হয়ে দাঁড়ালেন মা অর্পিতা চট্টোপাধ্যায়।



সম্প্রতি সামাজিক মাধ্যমের একটি পোস্টে বলিউড অভিনেতা রণবীর কাপুরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে তৃষাণজিৎ লিখেছেন— 'আপনার মুভি (অ্যানিমেল) দেখে আমি অত্যন্ত অনুপ্রাণিত। রণবীর কাপুর স্যার, আপনার পরামর্শের জন্য অনেক ধন্যবাদ। আমার নতুন সফর শুরু করতে এটি আমাকে অনেক সাহায্য করেছে।'

মিশুকের এই পোস্ট দেখে সামাজিক মাধ্যমে নেটিজেনদের ধারণা— তৃষাণজিতের টালিউড ডেবিউ এখন শুধু সময়ের অপেক্ষা। একটা সময় অভিনয় থেকে দূরে ফুটবলের মাঠেই মন আটকেছিল মিশুকের। তবে এখন ক্যামেরার সামনে আসবার প্রস্তুতি নিচ্ছেন প্রসেনজিৎপুত্র। চট্টোপাধ্যায় পরিবারের ঐতিহ্য ধরে রাখতে আগ্রহী তৃষাণজিৎ।

ছেলের এই নতুন ইচ্ছা বা সিদ্ধান্ত নিয়ে মা অর্পিতা চট্টোপাধ্যায় অত্যন্ত ইতিবাচক। তিনি বলেন, আজকের যুগে বাবা-মায়ের চাপিয়ে দেওয়া সিদ্ধান্ত নয়, বরং সন্তানের ইচ্ছাই আসল।

নিজের আসন্ন ওয়েব সিরিজ জ্যাজ সিটির প্রচারের ফাঁকে অর্পিতা আরও বলেন, 'আজকাল বাচ্চারা কী চায়, কী হবে— সেটি ওরাই সিদ্ধান্ত নেয়। বাবা-মা হিসাবে আমাদের দায়িত্ব সন্তানের সিদ্ধান্তকে সাপোর্ট করা। অন্তত আমি সেটাই করে এসেছি। ও যা করতে চাইবে মা হিসাবে আমি সেটাই সমর্থন করব।'

অভিনেত্রী বলেন, তাদের সময় আর বর্তমান সময়ের মধ্যে আকাশ-পাতাল তফাত। তিনি বলেন, এখন সময় বদলে গেছে। আমাদের ছোটবেলায় সোশ্যাল নর্মস বা প্যারামিটারগুলো আলাদা ছিল। আমাদের এতটা এক্সপোজার ছিল না, মোবাইল ছিল না। এখন সন্তানরা সিদ্ধান্ত নেয়, বাবা-মাকে সাপোর্ট করতে হয়। বাকিটা ওর পরিশ্রম, দক্ষতা, ভাগ্য আর নিষ্ঠার ওপর নির্ভর করছে।

প্রসেনজিৎ আগেই স্পষ্ট করেছেন বাবা হিসাবে ছেলের পেছনে ঢাল হয়ে দাঁড়াবেন তিনি। তবে কোনোভাবেই ছেলেকে লঞ্চ করবেন না। শাহরুখের পথে তিনি হাঁটবেন না। বিভিন্ন জায়গায় অভিনয়ের ওয়ার্কশপ করছেন তৃষাণজিৎ। সেসব নিয়ে ছেলেকে সাপোর্ট করছেন বুম্বাদা। এসভিএফের ব্যানারে লঞ্চ করা হতে পারে তৃষাণজিৎকে—এমনই জল্পনা শুরু হয়েছিল মাস কয়েক আগে। সেই গুঞ্জন সত্যি হয় কিনা সেটাই এখন দেখার বিষয়।

## মেয়ে দেখলেই প্রেমে পড়তাম: শাহিদ কাপুর

স্টাফ রিপোর্টার, রোজদিন

বলিউড অভিনেতা শাহিদ কাপুর বর্তমানে মীরা রাজপুতের সঙ্গে সুখী দাম্পত্য জীবন অতিবাহিত করলেও, এক সময় নিজের চঞ্চল স্বভাবের প্রেম নিয়ে বেশ খোলামেলা ছিলেন। সম্প্রতি এক পুরোনো সাক্ষাৎকারে অভিনেতার প্রেম, অপরিপক্বতা এবং 'পরিপক্ব ভালোবাসা' নিয়ে করা কিছু মন্তব্য পুনরায় আলোচনায় এসেছে।



সিমু গারেওয়ালের সঙ্গে এক আলাপচারিতায় শাহিদকে প্রশ্ন করা হয়েছিল তিনি কতবার প্রেমে পড়েছেন। প্রশ্নটিকে 'বিপজ্জনক' আখ্যা দিয়ে এই অভিনেতা রসিকতা করে বলেন, 'এটি একটি কঠিন প্রশ্ন। সত্যি বলতে, তিন বছর বয়স থেকে শুরু করে যখনই কোনো মেয়ের সঙ্গে আমার দেখা হয়েছে, আমি প্রেমে পড়েছি। সেটাই ছিল আমার কাছে প্রকৃত ভালোবাসা।'

২০১১ সালে 'ইন্ডিয়া'স মোস্ট ডিজায়ারেবল' অনুষ্ঠানে শাহিদ জানিয়েছিলেন, তিনি মাত্র দুবার প্রেমে পড়েছেন। তবে পরবর্তীতে তিনি স্বীকার করেন যে, সময়ের সঙ্গে সঙ্গে ভালোবাসার সংজ্ঞা বদলে যাওয়ায় সেই সংখ্যাটি আসলে আরও বেশি।

'সিরিয়াস গ্রোন-আপ লাভ' বা প্রাপ্তবয়স্কদের গম্ভীর প্রেমের সংজ্ঞা দিতে গিয়ে শাহিদ কিছুটা অনিশ্চয়তা প্রকাশ করেন। তিনি জানান, তার অতীতের সম্পর্কগুলোতে সবসময়ই কেউ না কেউ অপরিপক্ব ছিল। শাহিদের ভাষায়, 'আমার ক্ষেত্রে এমন (পরিপক্ব প্রেম) এখনো ঘটেনি। আমাদের মধ্যে একজন সবসময়ই ইমম্যাচিউর ছিল। যদি তেমন কিছু ঘটত, তবে সেই সম্পর্ক চিরস্থায়ী হতো।'

উল্লেখ্য, শাহিদ কাপুর ও মীরা রাজপুত দম্পতির বর্তমানে মিশা ও জেইন নামে দুই সন্তান রয়েছে। বিয়ের পর শাহিদের ব্যক্তিগত জীবনে এক নতুন ও স্থিতিশীল অধ্যায়ের সূচনা হয়েছে বলে অভিনেতাকে প্রায়ই কথা বলতে দেখা যায়।

এদিকে পেশাদার ক্ষেত্রে শাহিদ কাপুর বর্তমানে বেশ ব্যস্ত সময় পার করছেন। হুসেন জায়দির 'মুম্বাই'স মাফিয়া কুইনস'-এর গল্পের ওপর ভিত্তি করে নির্মিত 'ও রোমিও' সিনেমায় তার অভিনয় ব্যাপক প্রশংসা কুড়িয়েছে। এটি খ্যাতনামা পরিচালক বিশাল ভরদ্বাজের সঙ্গে তার চতুর্থ কাজ। সিনেমাটিতে তৃপ্তি দিমরি, নানা পাটেকর এবং তামান্না ভাটিয়ার মতো তারকারা অভিনয় করেছেন।

এছাড়া সামনে 'কবির সিং'খ্যাত এই অভিনেতাকে রাশমিকা মান্দানা এবং কৃতি শ্যাননের বিপরীতে রোমান্টিক কমেডি 'ককটেল ২'-এ দেখা যাবে।

## আবারও বিপাকে মিমি, অভিনেত্রীর বিরুদ্ধে দুই মামলা



স্টাফ রিপোর্টার, রোজদিন

টালিউড অভিনেত্রী মিমি চক্রবর্তীর জন্য নতুন বছরের শুরুতে আবারও সমস্যার সৃষ্টি হয়েছে। পশ্চিমবঙ্গের চব্বিশ পরগনার বনগাঁ আদালতে তার বিরুদ্ধে দুটি মামলা দায়ের করা হয়েছে।

ঘটনার সূত্রপাত হয়েছিল বনগাঁর একটি অনুষ্ঠানে, যেখানে মঞ্চে হেনস্তার শিকার হন মিমি। থানায় অভিযোগ করার পর মূল আয়োজক তনয় শাস্ত্রীকে গ্রেফতার করা হয়েছিল। তবে কারাগার থেকে বের হওয়ার পর তনয় অভিনেত্রীকে হুমকি দেন এবং পরে আদালতে অভিযোগ দায়ের করেন।

সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, মিথ্যা অপবাদ এবং মানহানির অভিযোগ তুলে আলাদা দুটি মামলা দায়ের করেছেন তনয়।

মানহানির মামলায় ২০ লাখ টাকা ক্ষতিপূরণ দাবি করা হয়েছে। এছাড়াও চুক্তিভঙ্গের অভিযোগে মিমির কাছ থেকে অনুষ্ঠানের অগ্রিম ২ লাখ ৬৫ হাজার টাকা ফেরত চাওয়া হয়েছে।

প্রসঙ্গত, বনগাঁর ওই অনুষ্ঠানে মিমির রাত ১০ টায় যোগ দেওয়ার কথা থাকলেও তিনি এগারোটার পরে যোগ দিয়েছিলেন।

আয়োজকের পক্ষ থেকে দাবি করা হয়, রাত বারোটা পর্যন্ত অনুষ্ঠান পরিচালনার অনুমতি থাকায় মঞ্চ থেকে মিমিকে নেমে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছিল, তাকে কোনো অসম্মান করা হয়নি।

# ট্রাফিক আইন লঙ্ঘন করে জরিমানা গুনলেন ধোনি




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারতের সাবেক অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি এবার মাঠের বাইরের এক অনাকাঙ্ক্ষিত ঘটনায় খবরের শিরোনামে এলেন। রাঁচিতে অতিরিক্ত গতিতে গাড়ি চালানোর অভিযোগে ট্রাফিক পুলিশের পক্ষ থেকে তাকে এক হাজার রুপি জরিমানা করা হয়েছে।

প্রতিবেদন অনুযায়ী, ট্রাফিক মনিটরিং সিস্টেমে গতির সীমা লঙ্ঘনের বিষয়টি ধরা পড়ায় মোটর ভেহিকেল অ্যাক্টের ১৮৩ ধারায় তার নামে একটি ই-চালান ইস্যু করা হয়। যদিও আইপিএল ২০২৬-এর প্রস্তুতিতে ব্যস্ত থাকা এই মহাতারকার পক্ষ থেকে এ বিষয়ে এখনো কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

এদিকে, মার্চের শেষ সপ্তাহ থেকে শুরু হতে যাওয়া আইপিএলের নতুন আসরকে সামনে রেখে চেন্নাই সুপার কিংস (সিএসকে) তাদের নতুন জার্সি উন্মোচন করেছে। গত রবিবার সামাজিক যোগাযোগমাধ্যমে একটি ভিডিওর মাধ্যমে জার্সিটি ভক্তদের সামনে আনা হয়।

গত বছরের আসরটি সিএসকের জন্য ছিল অত্যন্ত হতাশাজনক, যেখানে ১৪টি ম্যাচের মধ্যে ১০টিতেই হেরে তারা পয়েন্ট টেবিলের তলানিতে শেষ করেছিল। সেই ব্যর্থতা কাটিয়ে উঠতে এবার দলে বেশ কিছু বড় পরিবর্তন এনেছে ফ্র্যাঞ্চাইজিটি। রবীন্দ্র জাদেজা ও স্যাম কারানের বদলে উইকেটরক্ষক-ব্যাটার সঞ্জু স্যামসনকে দলে নেওয়া হয়েছে, যা এবারের আসরে দলটির অন্যতম বড় চমক।

৪৪ বছর বয়সী ধোনি গত মৌসুমে প্রত্যাশিত ফর্মে না থাকলেও, তরুণ প্রতিভা যেমন ডিওয়াল্ড ব্রেভিস, আয়ুষ মাত্রে এবং উরভিল প্যাটেলের উত্থান দলের জন্য আশার আলো দেখাচ্ছে। এ ছাড়া রেকর্ড ১৪.২০ কোটি রুপি খরচ করে প্রশান্ত বীর এবং কার্তিক শর্মার মতো আনক্যাপড খেলোয়াড়দের দলে ভিড়িয়েছে চেন্নাই।

গত মৌসুমে রুতুরাজ গায়কওয়াড়ের চোটের কারণে ধোনিকে অধিনায়কত্বের দায়িত্ব সামলাতে হলেও, এবার পূর্ণশক্তির দল নিয়ে ষষ্ঠ শিরোপার লক্ষ্যে মাঠে নামবে হলুদ বাহিনী।

## ৪০ বছর বয়সেও বিশ্বকাপে খেলতে চান ম্যাক্সওয়েল




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

অস্ট্রেলিয়ার অভিজ্ঞ অলরাউন্ডার গ্লেন ম্যাক্সওয়েল আন্তর্জাতিক টি-টোয়েন্টি থেকে অবসর নেওয়ার কোনো চূড়ান্ত সিদ্ধান্ত এখনো নেননি। তিনি ২০২৮ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপ এবং লস অ্যাঞ্জেলেস অলিম্পিকে খেলার আশা এখনও রেখেছেন।

বর্তমানে ৩৭ বছর বয়সী ম্যাক্সওয়েল ২০২৮ সালে অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিতব্য বিশ্বকাপে ৪০ বছর বয়সে খেলবেন। ওই বিশ্বকাপের কয়েক মাস আগে লস অ্যাঞ্জেলেস অলিম্পিকেও ক্রিকেটের অন্তর্ভুক্ত হওয়ার কথা রয়েছে।

ম্যাক্সওয়েল সম্প্রতি মেলবোর্ন স্টার্সের সঙ্গে দুই বছরের নতুন চুক্তি করেছেন, যার ফলে তিনি অন্তত ২০২৮ পর্যন্ত বিগ ব্যাশ লিগে খেলবেন। এছাড়া চলতি বছর তিনি পাকিস্তান সুপার লিগ (পিএসএল), মেজর লিগ ক্রিকেট এবং ইউরোপ ভিত্তিক নতুন টি-টোয়েন্টি লিগেও অংশগ্রহণ করবেন। নতুন লিগের একটি ফ্র্যাঞ্চাইজির সহ-মালিকও তিনি।

সাম্প্রতিক টি-টোয়েন্টি বিশ্বকাপে অস্ট্রেলিয়ার গ্রুপ পর্ব থেকে বিদায় এবং ম্যাক্সওয়েলের পারফরম্যান্স নিয়ে প্রশ্ন উঠেছে। তিন ম্যাচে মাত্র ৯, ৩১ ও ২২ রান করেছেন, যেখানে স্ট্রাইক রেট ১১০.৭১। গত অক্টোবর থেকে ১২ ইনিংসে তার গড় মাত্র ১৫.৫৫। সাবেক অধিনায়ক রিকি পন্টিংও মনে করেন, ২০২৮ সালের বিশ্বকাপে ম্যাক্সওয়েল দলের অংশ নাও হতে পারেন।

তবুও ম্যাক্সওয়েল নিজের সামর্থ্যে আস্থা রাখছেন। তিনি বলেন, 'আমি এখনো মনে করি দলের জন্য অনেক কিছু দেওয়ার আছে। আগামী ১২ মাসে কী হয় দেখব। শরীর কেমন থাকে এবং সুযোগ এলে খেলতে পারি কি না, সেটাই গুরুত্বপূর্ণ।'

## হ্যামস্ট্রিং চোটে মাঠের বাইরে রোনালদো




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আল ফাইহার বিপক্ষে সর্বশেষ ম্যাচে হ্যামস্ট্রিং চোটে পড়েছেন পর্তুগিজ মহাতারকা ক্রিস্টিয়ানো রোনালদো। তার ক্লাব আল নাস্‌র এক বিবৃতিতে চোটের বিষয়টি নিশ্চিত করলেও মাঠে ফেরার নির্দিষ্ট সময় জানায়নি।

ক্লাব সূত্র জানায়, আল ফাইহা ম্যাচের পর মেডিকেল পরীক্ষায় রোনালদোর হ্যামস্ট্রিংয়ে চোট ধরা পড়ে। ইতোমধ্যে তিনি পুনর্বাসন প্রক্রিয়া শুরু করেছেন এবং প্রতিদিন তার শারীরিক অবস্থা পর্যবেক্ষণ করা হচ্ছে।

তবে ফেরার সম্ভাব্য দিনক্ষণ নিয়ে কিছু না বলায় রোনালদোর চোট ঘিরে জল্পনা-কল্পনা শুরু হয়েছে। বিশ্বকাপের মাত্র কয়েক মাস আগে অধিনায়কের এই চোটের খবর পর্তুগাল জাতীয় দলের জন্যও বড় ধাক্কা হিসেবে দেখা হচ্ছে।

এদিকে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের ইরানে হামলার পর এশিয়ান চ্যাম্পিয়ন্স লিগ ও চ্যাম্পিয়ন্স লিগ টু-এর খেলা স্থগিত করেছে এএফসি। তবে সৌদি আরবে এখনো ঘরোয়া লিগের খেলা চালু রয়েছে। ফলে হাজার গোলের মাইলফলক থেকে মাত্র ৩৫ গোল দূরে থাকা রোনালদোর সামনে অন্তত কয়েকটি ম্যাচ খেলার সুযোগ থাকছে।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR